

## **■**■ হাদিস শাস্ত্রের পরিভাষা পরিচিতি

বিভাগ/অধ্যায়ঃ সহি হাদিস

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

## সনদের গুরুত্ব

ইমাম মুসলিম রাহিমাহুল্লাহ্ সনদের গুরুত্ব সম্পর্কে কতক বিখ্যাত মনীষীর বাণী উদ্ধৃত করেছেন:

- ১. সুফিয়ান সাওরি রাহিমাহুল্লাহ্ থেকে বর্ণিত, তিনি বলেন: "মালায়েকাগণ আসমানের পাহারাদার, আর আসহাবে হাদিসগণ জমিনের পাহারাদার"।
- ২. আপুল্লাহ ইব্নুল মুবারক রাহিমাহুল্লাহ্ বলেন: "সনদ দীনের একটি অংশ, যদি সনদ না থাকত তাহলে যে যা চাইত তা-ই বলত"।
- ৩. ইব্ন সিরিন রাহিমাহুল্লাহ্ বলেন: "নিশ্চয় সনদের ইলম দীনের অংশ, অতএব পরখ করে দেখ কার থেকে তোমাদের দীন গ্রহণ করছ"।
- 8. তিনি আরো বলেন: "মানুষ সনদ সম্পর্কে জিজ্ঞাসা করত না, কিংবা সনদ দেখত না, অবশেষে যখন ফেতনার সূচনা হল, তারা বলল: তোমাদের শায়খদের নাম বল, বিদ'আতি হলে তাদের হাদিস গ্রহণ করব না। আহলে সুন্নাহ হলে তাদের হাদিস গ্রহণ করব"।
- ৫. ইব্নুল মুবারক রাহিমাহুল্লাহ্ বলেন: "সনদ ব্যতীত দীনি ইলম অম্বেষণকারী সিঁড়ি ব্যতীত ছাদে আরোহণকারী ব্যক্তির ন্যায়"।[1]

সহি হাদিসের হুকুম: সহি হাদিসের উপর আমল করা ওয়াজিব।

## ফুটনোট

[1] দেখুন: ইমাম মুসলিমের ভূমিকা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8405

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন